দৈনিক সংবাদ

তারিখ 13 AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

৪২

# কুমিল্লা বোর্ড : দু'জনকে সাসপেন্ড করার নির্দেশ

কুমিল্লা, ১২ই আগস্ট ( জেলা বার্তা পরিবেশক)।– আর্থিক দুর্নীতি ও অবৈধ প্রভাব খাটানোর অভিযোগে কুমিল্লা বোর্ডের কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক ও শাখা কর্মকর্তা কাজী শাহ কামালকে সাময়িক বরখাস্ত ও বিভাগীয় ব্যবস্থাগ্রহণের নির্দেশ দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব এ বি এম মিজানুর রহমান বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ আবদুল মজিদের কাছে লেখা 'অতি জরুরী' এক চিঠিতে (নং শাঃ ১০/ বিবিধ ১৪-১৭/৯৪/১৩০৪-শিক্ষা তারিখ ৭-৮-৯৫) এই অনুরোধ জানান।

গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট যোগে পাঠানো এই চিঠিতে কাজী শাহ কামালকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে জরুরী ভিত্তিতে বিভাগীয় মামলা রুজু করে মামলার অগ্রগতি নিয়মিতভাবে মন্ত্রণালয়ে পাঠানোর অনুরোধ জানানো হয়।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, কাজী শাহ কামাল সনদপত্র লিখে ও তুলনা করে ১৯৯৪ সালের ১৯শে জানুয়ারি হতে ৬ই মার্চ পর্যন্ত ৪৮ হাজার ৫শ' ৯৪ টাকা গ্রহণ করেছেন। বিষয়টি মন্ত্রণালয় তদন্ত করে। তদন্তে প্রমাণিত হয়, অফিস সময়ের মধ্যে এই লেখা ও তুলনার কাজ করেছেন। বোর্ডের নিজস্ব অফিস সময়ের মধ্যে মাত্র ৩ মাসে এত অধিক পরিমাণে আর্থিক সুবিধা গ্রহণ সরকারি আর্থিক বিধির পরিপন্থী ও প্রশাসনে অবৈধ প্রভাব খাটানোর সামিল। মন্ত্রণালয়ের তদন্তের উদ্ধৃতি দিয়ে চিঠিতে উল্লেখ করা হয়, ১৯৮৯ সালে উপসহকারী প্রকৌশলী পদে নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান এবং নির্বাচনী পরীক্ষা নেয়ার পরও পরীক্ষায় অংশগ্রহণকারী কাউকে ঐ পদে নিয়োগ না দিয়ে কাজী শাহ কামালের ভায়রা নূরুল আলম পাটোয়ারীকে দৈনিক ১২০ টাকা বেতনে নিয়োগ দেয়া হয়।